গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ,জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৩২.০৪৫.২৩-৭৫

তারিখ : ১২ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৩ খ্রি:

## ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি:

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রি: তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারক মূলে সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতির নীতিমালার আলোকে মাদারগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রণাধীন নিম্নেবর্ণিত ১৭ (সতের)টি হাট-বাজার ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদি সরকারি বিধি মোতাবেক ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে সীলগালাযুক্ত খামে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

**২। হাট-বাজারসমূহের নামের তালিকা এবং দরপত্র সিডিউলের মূল্য ও সম্ভাব্য ধর্তব্য ইজারামূল্য নিম্নরূপ:-**

| ক্র: নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | দরপত্র সিডিউলের মূল্য | ১৪৩০ বাংলা সনের সম্ভাব্য ধর্তব্য ইজারামূল্য |
|---|---|---|---|---|
| ১। | তেঘরিয়া বাজার | চরপাকেরদহ | ১৮০০/- | ৫,২৪,৪৬৫.০০ |
| ২। | ঝাড়কাটা বাজার | চরপাকেরদহ | ৫০০/- | ৬৫০.০০ |
| ৩। | নব্যচর বাজার | চরপাকেরদহ | ৫০০/- | ৬৪৪.০০ |
| ৪। | কোয়ালিকান্দি বাজার | চরপাকেরদহ | ১৪০০/- | ৩,০২,৯৮৩.০০ |
| ৫। | বিনোদটঙ্গী বাজার | কড়ইচড়া | ৫০০/- | ৬৭৫.০০ |
| ৬। | মিলন বাজার | কড়ইচড়া | ১০০০/- | ১,২২,১৩৯.০০ |
| ৭। | চরগুজামানিকাবাজার | কড়ইচড়া | ৫০০/- | ৬৬০.০০ |
| ৮। | মহিষবাথান বাজার | কড়ইচড়া | ১০০০/- | ১,৯৫,৬৪১.০০ |
| ৯। | গুনারীতলা বাজার | গুনারীতলা | ৫০০/- | ৭৩,৭০৫.০০ |
| ১০। | জোড়খালী বাজার | গুনারীতলা | ৫০০/- | ৮৭,২৭৩.০০ |
| ১১। | জাঙ্গালিয়া বাজার | গুনারীতলা | ৫০০/- | ১২৭৪.০০ |
| ১২। | কয়ড়া বাজার | আদারভিটা | ১৪০০/- | ৩,৭৮,০৬৭.০০ |
| ১৩। | গোলাবাড়ী বাজার | আদারভিটা | ১০০০/- | ১,৫৯,০০০.০০ |
| ১৪। | বাজিতের পাড়া বাজার | আদারভিটা | ৫০০/- | ২৯,৬১৬.০০ |
| ১৫। | মুকুন্দবাড়ী বাজার | আদারভিটা | ৫০০/- | ৬৮৯.০০ |
| ১৬। | শ্যামগঞ্জ বাজার | আদারভিটা | ৫০০/- | ২৩১৬.০০ |
| ১৭। | রায়গঞ্জ বাজার | সিধুলী | ২৪০০/- | ৮,৩৮,৪৬০.০০ |

৩। সিডিউল প্রাপ্তির স্থান : (ক) জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের কার্যালয়, জামালপুর (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর (গ) উপজেলা ভূমি অফিস, মাদারগঞ্জ, জামালপুর (ঘ) অফিসার ইনচার্জ, মাদারগঞ্জ মডেল থানা, মাদারগঞ্জ, জামালপুর (ঙ) সোনালী ব্যাংক, মাদারগঞ্জ শাখা, মাদারগঞ্জ,জামালপুর।

৪। সিডিউল দাখিল/জমা দেয়ার স্থান : (ক) জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের কার্যালয়,জামালপুর (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর (গ) উপজেলা ভূমি অফিস, মাদারগঞ্জ, জামালপুর-এ রক্ষিত দরপত্র বাক্স।

৫। সিডিউল বিক্রয়, দাখিল ও খোলার সময়সূচি:-

| পর্যায় নং | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৭-২-২০২৩ খ্রি: অফিস চলাকালিন সময় পর্যন্ত। | ২৮-০২-২০২৩ খ্রি: তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | ২৮-০২-২০২৩ খ্রি: তারিখ বিকাল ৩.০০ টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর। |
| ২য় পর্যায় | ১৫-৩-২০২৩ খ্রি: অফিস চলাকালিন সময় পর্যন্ত। | ১৬-০৩-২০২৩ খ্রি: তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | ১৬-৩-২০২৩ খ্রি: তারিখ বিকাল ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ। |
| ৩য় পর্যায় | ২৯-৩-২০২৩ খ্রি: অফিস চলাকালিন সময় পর্যন্ত। | ৩০-০৩-২০২৩ খ্রি: তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | ৩০-০৩-২০২৩ খ্রি: তারিখ বিকাল ৩.০০ টা,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর। |
| ৪র্থ পর্যায় | ০৫-৪-২০২৩ খ্রি: অফিস চলাকালিন সময় পর্যন্ত। | ০৬-০৪-২০২৩ খ্রি: তারিখ সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | ০৬-৪-২০২৩ খ্রি: তারিখ বিকাল ৩.০০ টা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাদারগঞ্জ, জামালপুর। |

**১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী :**

১। বাংলা ১৪৩০ সনের ১ লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হয়।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রের উল্লিখিত দরের ৩০% জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোনো ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যাপর্ণ করা হবে।



CamScanner

৩। যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর দরের উপর অতিরিক্ত ১০% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয়, তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোনো দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম ও ঠিকানা এবং বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে টোল চার্ট দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনোক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদান করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন এবং একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩। কোনো প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৬। চুক্তিপত্রের যেকোনো শর্ত ভঙ্গ করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৭। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনা দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০১/২৩

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর ০২৯৯৭৭৭৬৮০২
ইমেইল- unomadarganz@gmail.com

স্মারক নং- ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৩২.০৪৫.২৩-৭৫(১৫০)

তারিখ : ১২ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি ২০২৩ খ্রি:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। পুলিশ সুপার, জামালপুর।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ,জামালপুর।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জামালপুর।
৭। উপজেলা নির্বাহী অফিসার...................................(সকল), জামালপুর।
৮। সহকারী কমিশনার (ভূমি), মাদারগঞ্জ, জামালপুর।
৯। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
১০। অফিসার ইনচার্জ, মাদারগঞ্জ মডেল থানা, মাদারগঞ্জ, জামালপুর।
১১। ম্যানেজার, সোনালী ব্যাংক, জামালপুর শাখা, জামালপুর।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, মাদারগঞ্জ শাখা, মাদারগঞ্জ, জামালপুর।
১৩। উপজেলা..................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। ইজারা বিজ্ঞপ্তি তার অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান,...........................................(সকল), ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
১৫। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা,......................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, মাদারগঞ্জ, জামালপুর। তাঁকে উক্ত ইজারা বিজ্ঞপ্তি ঢোল শহরতের মাধ্যমে তাঁর ইউনিয়নের হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। জনাব..................................পিতা:............................ইজারাদার...................বাজার, গ্রাম:................................
পো: ..................................উপজেলা : ................................জেলা :...........................।
১৭। অফিস কপি।

২৬/০১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ,জামালপুর।

CamScanner